



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
সংস্থাপন শাখা
www.bjri.gov.bd



স্মারক নং-১২.২৩.০০০০.০০৪.০৬.০১১.২১. ২৭২০৮

তারিখ- ১/২/২২

নিয়োগপত্র

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) পদোন্নতি/নিয়োগ কমিটি-২ এর গত ২৫ এবং ৩১ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক নিম্নলিখিত প্রার্থীগণের নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল ও বেতনস্কেলে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো। তার এ নিয়োগের বিষয়ে বিজেআরআই এর পদোন্নতি/নিয়োগ কমিটি-২ সভার উক্ত সুপারিশ বিজেআরআই এর পরবর্তী বোর্ড সভায় ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। এ ক্ষেত্রে বোর্ড এর সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।


| নং | প্রার্থীর ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | পদ | বেতন স্কেল, ২০১৫ |
|----|--|---|------------------------|-----------------------------|
| ১ | মোঃ রাশেদুল হক চৌধুরী পিতা-মোঃ শফিউল্লাহ | বড় বেড়াইদ, ডাকঘর-বড় বেড়াইদ থানা-বাঘা, জেলা-ঢাকা-১২১২। | সায়েন্টিফিক এসিসটেন্ট | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) |
| ২ | মোঃ হাসানাত আরেফিন পিতা-মোঃ গোলাম মোস্তফা | গ্রাম-খাতাপাড়া, ডাকঘর-সাপ্টিবাড়ী উপজেলা-আদিতমারী, জেলা-লালমনিরহাট। | সায়েন্টিফিক এসিসটেন্ট | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) |

শর্তসমূহঃ

- তারা নিয়মিত বেতন ছাড়া ইনস্টিটিউট কর্তৃক কর্মচারীদের দেয় সুবিধাদি ভোগ করতে পারবেন।
- এ ইনস্টিটিউটের অধীন কর্মরত অবস্থায় তাদেরকে ইনস্টিটিউটের চাকরির যাবতীয় শর্তাবলী, বেতন, ভবিষ্য তহবিল ও ছুটি ইত্যাদি বিষয়ক বিধি-বিধান মেনে চলতে হবে।
- ইনস্টিটিউট কোন কারণ দর্শানো ব্যতিরেকে ৩ (তিন) মাসের নোটিশ দিয়ে অথবা তৎপরিবর্তে ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করে চাকরির অবসান করতে পারবে।
- তিনি/তারা নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং ঐরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে ইনস্টিটিউটকে ৩ (তিন) মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।
- অস্থায়ী চাকরির সময়ে তিনি/তারা ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে পারবেন না এবং ঐরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।
- এ ইনস্টিটিউটের অধীনে বাংলাদেশের যে কোন জায়গায় প্রয়োজনবোধে চাকরির আবশ্যিকতা অনুযায়ী তাদেরকে বদলি করা যাবে।
- তাকে/তাদেরকে ৬ (ছয়) মাস শিক্ষানবিস থাকতে হবে। শিক্ষানবিসকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান হলে নিয়োগপ্রাপ্ত পদে চাকরি স্থায়ী করা হবে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে স্থায়ীকরণ নির্ভর করবে। শিক্ষানবিসকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে শিক্ষানবিসকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। বর্ধিত সময়ে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার/তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার/তাদের চাকরির অবসান করতে পারবেন।
- চাকরিতে যোগদানের সময় পূর্বতন অফিসের (যদি চাকরির হন) চাকরির ছাড়পত্র আনতে হবে।
- যোগদানের সময় তাকে পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম, ডোপটেস্ট এবং স্বাস্থ্যগতভাবে উক্ত পদে দায়িত্ব পালনে উপযুক্ত মর্মে সিভিল সার্জন কর্তৃক শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।
- পুলিশ ভেরিফিকেশন ও ডোপটেস্ট এ কোন বিরূপ মন্তব্য থাকলে এবং স্বাস্থ্যগতভাবে উক্ত পদে দায়িত্ব পালনে অনুপযুক্ত হলে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(চলমান পাতা-২)

- ট) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ২। উপরোক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে তাকে/তাদেরকে আগামী ১৩-০২-২০২২ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭ বরাবর কাজে যোগদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. এস, এম, মাহবুব আলী)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন-৫৮১৫১২৪১
ইমেইল-bjriinfo@yahoo.com

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ১। পরিচালক, পিটিসি/কারিগরি/জুট টেক্সটাইল/কৃষি, বিজেআরআই।
- ২। সিস্টেম এনালিস্ট, বিজেআরআই (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৩। উপ-পরিচালক, প্রশাসন/অর্থ ও হিসাব, বিজেআরআই।
- ৪। সকল শাখা প্রধান,, মহাপরিদপ্তর, বিজেআরআই।
- ৫। পিএস টু ডিজি, বিজেআরআই।
- ৬। ক্রমিক নং-১-২ পর্যন্ত প্রার্থীগণ।
- ৭। ব্যক্তিগত নথি।